


মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৩৮৭

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯

০৬ জুলাই ২০২২

বিষয়: যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন ওয়াদীপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির নিরাপত্তা কর্মী জনাব আলাউদ্দীন/ALAUDDIN (ইনডেক্স নং-M0012664) এর ব্যাংক হিসাব নম্বর 3053011003851 সংযোজন প্রসঙ্গে।

সূত্র: (১) USEO, বাঘারপাড়া, যশোর এর স্মারকনং-উমশিকা/বাঘার/২০২১/৫৪(০২); তাং ৩০/১১/২১

(২) প্রার্থীর আবেদন; তাং ১৮/১১/২১

(৩) তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৮.২১-৯৯; তাং ১৭/০৫/২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন ওয়াদীপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসাটির নিরাপত্তা কর্মী জনাব আলাউদ্দীন/ALAUDDIN (ইনডেক্স নং-0012664) এর ব্যাংক হিসাব নম্বর 3053011003891 সংযোজনের আবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়ন পত্র এবং সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব আলাউদ্দীন (0012664) বর্ণিত মাদ্রাসায় ৩১/০১/২০২১ তারিখে নিরাপত্তা কর্মী পদে যোগদান করেন এবং ফেব্রুয়ারী/২০২১ মাসে এমপিওভুক্ত হন। অনলাইন এমপিও আবেদনে ব্যাংক হিসাব নম্বর উল্লেখ না থাকায় প্রথম এমপিও থেকেই এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর অনুল্লেখ হয়ে আসছে। যার ফলে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক জনাব আলাউদ্দীন (0012664)কে বেতন-ভাতা প্রদান করা হচ্ছে না। বিধায়, এমপিও শীটে তিনি ব্যাংক হিসাব নম্বর 3053011003891 সংযোজনের নিমিত্ত আবেদন করেন।

৩। জনাব আলাউদ্দীন (0012664) এর ব্যাংক হিসাব সংযোজন বিষয়ে “এমপিওশীটে ভুলবশত; তাঁর ব্যাংক হিসাব নম্বর অন্তর্ভুক্ত হয়নি। তিনি ব্যাংক হিসাব নম্বর অন্তর্ভুক্তির জন্য আবেদন করেছেন। তাঁর আবেদন সুপারিশসহ প্রেরণ করা হলো” মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে উল্লেখ করেন।

৪। পরবর্তীতে আনুষ্ঠানিক ডকুমেন্ট যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ পরিচালক (অর্থ) ও ড.মোঃ আবুল কালাম আজাদ, পরিদর্শক (সিলেট বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে যাচাই/তদন্ত কর্মকর্তা হিসেবে নিযুক্ত করা হলে তাঁরা নিয়োক্ত রূপে মতামত/সুপারিশ প্রদান করেন:-

“এই মর্মে সুপারিশ করা যায় যে, যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন ওয়াদীপুর আলিম মাদ্রাসার নিরাপত্তা কর্মী জনাব আলাউদ্দীন/ALAUDDIN (ইনডেক্স নং-0012664) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নম্বর কলামে 3053011003851 ব্যাংক হিসাব নম্বরটি সংযোজন করা যেতে পারে”

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর এর অগ্রায়ন এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ এর ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব আলাউদ্দীন (0012664) এর তথ্য/প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

নাম, পদবী, ইনডেক্স ও মাদ্রাসার ঠিকানা	নিরাপত্তা কর্মী পদে এমপিওভুক্তির তারিখ	এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর	চাহিত/সঠিক ব্যাংক হিসাব নম্বর	মন্তব্য
জনাব আলাউদ্দীন (M0012664) নিরাপত্তা কর্মী, ওয়াদীপুর আলিম মাদ্রাসা, বাঘারপাড়া, যশোর	ফেব্রুয়ারী/২০২১	উল্লেখ নেই	3053011003891 ব্যাংক লিমিটেড, এসএমআর রোড শাখা, যশোর	এমপিও শীটে প্রার্থীর ব্যাংক হিসাব নম্বর 3053011003891 সংযোজন যোগ্য।

৬। এমতাবস্থায়, প্রতিকার প্রার্থীর আবেদন, অধ্যক্ষ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর এর অগ্রায়ন/সুপারিশ এবং তদন্ত কর্মকর্তাদের সুপারিশ মোতাবেক ওয়াদীপুর আলিম মাদ্রাসার এমপিওশীটে জনাব আলাউদ্দীন (0012664) এর ব্যাংক হিসাব নম্বর

053011003891 সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।
 - ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।
 - ৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।
 - ৪। জনাব আলাউদ্দীন (0012664) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।
 - ৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিক অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।
- সংযুক্তি: সাত (১০) ফর্দ।



৬-৭-২০২২

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪১০৩০১৫৯

ইমেইল: dg@dme.gov.bd

পরিচালক (প্রশাসন ও অর্থ) ও প্রকল্প পরিচালক, মাদ্রাসা
শিক্ষা ব্যবস্থাপনা ও ইনফরমেশন সিস্টেম (মেমিস),
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.৩৮৭/১(৫)

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৯

০৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঘারপাড়া, যশোর।
- ৪) অধ্যক্ষ/প্রার্থী (0012664), ওয়াদীপুর আলিম মাদ্রাসা, বাঘারপাড়া, যশোর।
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



৬-৭-২০২২

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক